দৈনিক বাংলা

তারিখ 18 SEP 1992
পৃষ্ঠা ১ কলাম ৪

৪৬

# ঢাকা ভার্সিটি ঃ কারো কক্ষে টেলিফোন সেট থাকলে সীট বাতিল

বৃহস্পতিবার সন্ধ্যায় ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর অধ্যাপক এম মনিরুজ্জামান মিঞার সভাপতিত্বে সকল আবাসিক হলের প্রভোস্ট, বিশ্ববিদ্যালয়ের প্রক্টর ও সহকারী প্রক্টরদের একটি সভা অনুষ্ঠিত হয়।

এ সভায় ইতিপূর্বে হলে আইন-শৃংখলা প্রতিষ্ঠা সংক্রান্ত গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের বিষয় পর্যালোচনা করা

(আটের পাতায় ৬-এর কঃ দ্রঃ)

## ঢাকা ভার্সিটি

(প্রথম পৃষ্ঠার পর)

হয়।

সভায় অন্যান্য বিষয়ের মধ্যে এ সিদ্ধান্ত গৃহীত হয় যে কোন ছাত্র-ছাত্রীর কক্ষে টেলিফোন সেট পাওয়া গেলে তার হলের সীট বাতিল করা হবে এবং আরও শাস্তি বিধান করা যায় কিনা সে সম্পর্কে হল থেকে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষকে অবহিত করা হবে।

এছাড়া যেসব ছাত্র-ছাত্রী একই শ্রেণীতে একাধিকবার অকৃতকার্য হবে বা পরীক্ষায় অংশ গ্রহণ করবে না তাদের হলের সীট বাতিলের বিষয়ে আইনগত দিকটি পরীক্ষা-নিরীক্ষা করার জন্য সভায় উপাচার্যকে অনুরোধ করা হয়। খবর সংবাদ বিজ্ঞপ্তির।